



# রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রশাসন শাখা

১, কাওরান বাজার, ঢাকা  
www.epb.gov.bd



নং-নং-২৬.০২.০০০০.০০৬.৬৭.৪৮৪.২১-২২৫

তারিখঃ ২১ চৈত্র, ১৪২৭  
০৪ এপ্রিল, ২০২১

## বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নং প্রজ্ঞাপনের আলোকে পুনরাদেশে না দেওয়া পর্যন্ত দেশের রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ব্যুরো কর্তৃপক্ষ কর্তৃক টেক্সটাইল ও নন-টেক্সটাইল আইটেম রপ্তানির বিপরীতে শুল্ক সুবিধা (জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা ইত্যাদি) সংক্রান্ত সেবা এবং REX registration সংক্রান্ত সেবা প্রদান কার্যক্রম সীমিত আকারে (সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.৩০ টা পর্যন্ত) অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। উপরোক্ত সেবা সংক্রান্ত জরুরি প্রয়োজনে ব্যুরোর নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

| ক্রম. | কর্মকর্তার নাম ও পদবি  | কার্যালয়                           | টেলিফোন ও মোবাইল নম্বর                        |
|-------|--|-------------------------------------|---|
| ০১।   | জনাব মোঃ জাহাংগীর হোসেন<br>পরিচালক (নীতি পরিকল্পনা)          | রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা        | টেলিঃ ৮১৮০০৮৫ (অফিস)<br>মোবাঃ ০১৭১০৮৫৯৯০৮     |
| ০২।   | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>পরিচালক (বস্ত্র)                 | রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা        | টেলিঃ ৮১৮০০৮৯ (অফিস)<br>মোবাঃ ০১৯৬৫৫৩২২৮৮     |
| ০৩।   | জনাব মোঃ আলতাফ হোসেন ভূইয়া<br>পরিচালক (চঃদাঃ)               | রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম   | টেলিঃ ০৩১-৭২০৯০৭ (অফিস)<br>মোবাঃ ০১৭১১৬২৪৯৮৩  |
| ০৪।   | জনাব তোফাজ্জল হোসেন খান<br>উপপরিচালক                         | রপ্তানি উন্নয়ন ব্যুরো, নারায়নগঞ্জ | টেলিঃ ০২-৭৬৩৩৭৭০(অফিস)<br>মোবাঃ ০১৭১১৯৫৩৬৭৯   |
| ০৫।   | জনাব মোঃ আকতারুজ্জামান<br>সহকারী পরিচালক                     | রপ্তানি উন্নয়ন ব্যুরো, কুমিল্লা    | টেলিঃ ০৮১-৬৫০১৯ (অফিস)<br>মোবাঃ ০১৭১৬৩৬৭৮২৩   |
| ০৬।   | জনাব মোঃ আকতারুজ্জামান<br>সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | রপ্তানি উন্নয়ন ব্যুরো, সিলেট       | টেলিঃ ০৮২১-৭১৬১৪৪ (অফিস)<br>মোবাঃ ০১৭১৬৩৬৭৮২৩ |
| ০৭।   | জনাব কাজী সাইদুর রহমান<br>সহকারী পরিচালক                     | রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী     | টেলিঃ ০৭২১-৭৭৪৪২০(অফিস)<br>মোবাঃ ০১৯১২৯১৯৩৭৭  |
| ০৮।   | জনাব মোঃ মিজানুর রহমান<br>সহকারী পরিচালক                     | রপ্তানি উন্নয়ন ব্যুরো, খুলনা       | টেলিঃ ০৪১-৭২০৪৪৯ (অফিস)<br>মোবাঃ ০১৭১২৫১৮০৮৯  |

০৩। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব হতে সুরক্ষার জন্য যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সরকার কর্তৃক নির্দেশিত সকল প্রকার সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণপূর্বক উক্ত সেবা প্রদান ও সেবা গ্রহণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)  
সচিব (উপসচিব)  
ফোনঃ ৫৫০১৩৪২০

বিতরণ (কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]:

- ০১। পরিচালক (নীতি/বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০২। আঞ্চলিক ও শাখা অফিস প্রধান (সকল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম, খুলনা/রাজশাহী/সিলেট/কুমিল্লা, নারায়নগঞ্জ।
- ০৩। ব্যুরোর নোটিশ বোর্ড/ওয়েব সাইট।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]:

- ০১। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ০২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক#এইচ১, উত্তরা, ঢাকা।
- ০৩। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন, নারায়নগঞ্জ।
- ০৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। এপিআরও টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। পিএ টু মহা-পরিচালক-১/২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক-১/২ মহোদয়ের সদয় অবগতির জন্য)।